নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
**Narayanganj City Corporation**
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।

# রূপকল্প-২০৩০
# (Vision-2030)

নগরবাসীর প্রয়োজনীয় সেবা প্রদানের মাধ্যমে একটি পরিবেশবান্ধব, পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত, নিরাপদ ও দারিদ্রমুক্ত পরিকল্পিত নগরী গড়ে তোলা।

## অভিলক্ষ্য (Mission)

- ❖ নারায়ণগঞ্জ নগরীকে একটি পরিকল্পিত সবুজ নগরী হিসেবে গড়ে তোলা
- ❖ সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে পরিবেশ রক্ষা ও নগরীর পরিচ্ছন্নতা নিশ্চিত করা;
- ❖ স্বাস্থ্য সেবা নিশ্চিত করা;
- ❖ সিটি কর্পোরেশনের সকল পর্যায়ে সুশাসন নিশ্চিত করা।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বর্তমানে বিভিন্ন স্তরের প্রায় ২০ লক্ষ লোককে বিভিন্ন প্রকারের সেবা প্রদান করে আসছে। আগামী ২০ বছরের মধ্যে জনসংখ্যা বৃদ্ধির হার অব্যাহত থাকলে এ জনসংখ্যা দ্বিগুণে পরিণত হতে পারে। তাই আগামী ২০ বছর সময়সীমাকে বিবেচনা করে একটি পরিকল্পিত, পরিচ্ছন্ন, সবুজ, পরিবেশবান্ধব, স্বাস্থ্যসম্মত এবং দারিদ্রমুক্ত নগরী হিসেবে গড়ে তোলার জন্য বিভিন্ন মেয়াদী নগর উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

বিভিন্ন মেয়াদের নগর উন্নয়ন পরিকল্পনার তালিকা উল্লেখ করা হলো:

### ০৫ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনা

১. উন্নত যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণ এবং তিলোত্তমা নগরী হিসেবে গড়ে তোলার জন্য ৫নং ঘাট এলাকায় শীতলক্ষ্যা নদীর উপর সেতু নির্মাণ।
২. সবুজ এবং পরিকল্পিত নগর গড়ে তোলার জন্যে সমন্বিত ড্রেনেজ সিস্টেম, জলাধার সংরক্ষণ এবং সংস্কারের ব্যবস্থা গ্রহণ।
৩. বিদ্যমান ছোট, বড় ও মাঝারি সড়কসমূহ সম্প্রসারণ, পুনঃনির্মাণ এবং প্রয়োজনে বর্ধিত করা হবে এবং প্রয়োজনীয় ব্রীজ ও কালভার্ট নির্মাণ।
৪. স্বাস্থ্যসম্মত নগরী গড়ে তোলার জন্যে শতভাগ স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা।
৫. সুপেয় পানি সরবরাহের জন্যে পানি সরবরাহ ব্যবস্থা স্থাপন করা।
৬. সিটি কর্পোরেশনের নাগরিক সুবিধা নিশ্চিত করার জন্যে তথ্য-প্রযুক্তির উন্নয়ন সাধনের মাধ্যমে সকল কার্যক্রম অটোমেশন করা।
৭. দারিদ্র বিমোচনের জন্য ক্ষুদ্র ঋণ কর্মসূচীর পরিধি সম্প্রসারণ করা ।
৮. সিটি কর্পোরেশনের হত-দরিদ্র পরিচ্ছন্ন কর্মীদের জন্যে স্বল্প ব্যয়ের আবাসন ব্যবস্থা চালু করা।
৯. যানজট নিরসনে নতুন বাস টার্মিনাল, ট্রাক টার্মিনাল নির্মাণ সহ সিটি সার্ভিস চালু করার উদ্যোগ নেয়া।
১০. সিটি কর্পোরেশনের আয় বৃদ্ধির জন্যে নিজস্ব ভূমিতে মার্কেট এবং ফ্ল্যাট নির্মাণ করা এবং কাঁচা বাজারসমূহের উন্নয়ন করা।
১১. কবরস্থান ও শ্মশান এর উন্নয়ন করা।
১২. কালচারাল এবং হেরিটেজ পার্কসহ বিনোদনের জন্য শিশু পার্ক নির্মাণ করা।
১৩. স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য কমিউনিটি ক্লিনিক, নগর হাসপাতাল এবং এ্যাম্বুলেন্স সার্ভিস চালু করা ।
১৪. প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠানসহ মেডিকেল কলেজ, টেকনিক্যাল কলেজ এবং আর্ট কলেজ প্রতিষ্ঠা করা।
১৫. ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণের উদ্যোগ নেয়া।
১৬. নারীর ক্ষমতায়নের জন্য শিক্ষা এবং কর্মসংস্থানের ব্যবস্থা করা।

১৭. সিটি কর্পোরেশনের সকল স্তরে সুশাসন নিশ্চিত করা।
১৮. জনসেবা নিশ্চিত করার জন্যে তিনটি অঞ্চলে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার প্রতিষ্ঠা করা।
১৯. সিটি কর্পোরেশনের প্রতিটি শাখা কম্পিউটারাইজ্‌ড করা এবং কর্মকর্তা/কর্মচারীদেরকে কম্পিউটার বিষয়ে সময়োপযোগী প্রশিক্ষণ প্রদান করা।
২০. সকল কর্মকর্তা/কর্মচারীর কাজ মনিটরিংসহ নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিদ্যমান সিসি টিভি ক্যামেরার পরিধি বৃদ্ধি করা।

## ১০ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনা

১. আধুনিক সুয়ারেজ সিস্টেম স্থাপন করে ড্রেনেজ সিস্টেমের আরও উন্নতি সাধন করা যাতে কোন প্রকার দূষিত পানি নদীতে পড়তে না পারে।
২. 3R (Reduce, Reuse, Recycle) পদ্ধতিতে বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে কার্বনমুক্ত, পরিচ্ছন্ন নগরী হিসেবে গড়ে তোলা।
৩. শীতলক্ষ্যা নদীর দুই পাড়ে ঢাকা-চট্টগ্রাম ও ঢাকা-মুন্সিগঞ্জ সহাসড়কের সাথে সংযোগ স্থাপনকারী সার্কুলার রোড নির্মাণ করা।
৪. পর্যায়ক্রমে সিটি কর্পোরেশনের নিজস্ব ভূমিতে আরও আয় বর্ধনমূলক মার্কেট কাম ফ্ল্যাট নির্মাণ করা।
৫. নারায়ণগঞ্জকে মেট্রো রেলের সাথে সংযুক্ত করে ট্রাফিক ব্যবস্থার উন্নয়ন সাধনপূর্বক যানজট মুক্ত নগরী গড়ে তোলা।
৬. শীতলক্ষ্যা নদীর উপর রোপওয়ে এবং ওয়াটার সার্কুলার সার্ভিস চালু করা।
৭. সিটি কর্পোরেশনের এলাকা সম্প্রসারণ করা।

## ২০ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনা

১. দুর্যোগের ঝুঁকি হ্রাস করার নিমিত্তে পানীয় জল হিসেবে ব্যবহারের জন্য ভূগর্ভস্থ পানি ব্যবহার পরিহার করে সার্ফেস ওয়াটার ব্যবহারের জন্য আধুনিক পানি শোধণাগার নির্মাণ করা।
২. গৃহস্থালী এবং পয়ঃনিষ্কাশনের বর্জ্যযুক্ত পানি শতভাগ পরিশোধন করে নদীতে নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করা।
৩. ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানের জন্য সমন্বিত ইটিপি স্থাপন করা এবং এ জন্য সমন্বিত পরিকল্পনা প্রনয়ণ করা।
৪. পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ এবং প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা।
৫. শতভাগ শিল্প এবং গৃহস্থালি বর্জ্য পরিশোধনের জন্য সমন্বিত ইটিপি এবং পরিশোধণাগার স্থাপন করা।
৬. সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করার জন্যে পানি শোধনাগার নির্মাণ করা।
৭. শীতলক্ষ্যা নদীর পানি দূষণ মুক্ত রাখা নিশ্চিত করা ।
৮. সিটি কর্পোরেশনের নিজস্ব বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করা।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন©২০১৮